গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাণিজ্য মন্ত্রণালয়
যৌথমূলধন কোম্পানি ও ফার্মসমূহের পরিদপ্তর
প্রশাসন-২ শাখা
টিসিবি ভবন (৭ম তলা), ১ কাওরান বাজার, ঢাকা।
www.roc.gov.bd

স্মারক নং- ২৬.০৬.০০০০.০৫০.০১.০০৩.২৬/২৯৪৩ তারিখ: ০৫.১১.২৬

পরিপত্র

বিষয়: যৌথমূলধন কোম্পানি ও ফার্মসমূহের পরিদপ্তরে নতুন উন্নয়নকৃত eBRS সিস্টেমের মাধ্যমে নামের ছাড়পত্র ও নিবন্ধন কার্যক্রম সম্পাদন সংক্রান্ত ।

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, যৌথমূলধন কোম্পানি ও ফার্মসমূহের পরিদপ্তরের নিবন্ধন কার্যক্রম অধিকতর সহজ, স্বয়ংক্রিয়, নির্ভুল ও প্রযুক্তিনির্ভর করার লক্ষ্যে নতুনভাবে উন্নয়নকৃত এ পরিদপ্তরের eBRS (electronic Business Registration System) সফটওয়্যারের নামের ছাড়পত্র ও নিবন্ধন মডিউল আগামী ১২ নভেম্বর, ২০২৬ সকাল ১০:০০টা থেকে চালু করা হবে। উক্ত সময় হতে সকল সেবা গ্রহিতাগণকে নামের ছাড়পত্র ও নিবন্ধনের আবেদন নতুন eBRS সিস্টেমের মাধ্যমে সম্পন্ন করাসহ নিম্নবর্ণিত নির্দেশনা অনুসরণ করার অনুরোধ করা হল।

১। নতুন eBRS সিস্টেম চালুর তারিখ ও সাময়িক সেবা বন্ধ

১.১) আগামী ১২ নভেম্বর, ২০২৬ সকাল ১০:০০টা থেকে নামের ছাড়পত্র ও নিবন্ধনের সকল আবেদন নতুন eBRS সিস্টেমের মাধ্যমে সম্পন্ন করতে হবে।

১.২) নতুন সফটওয়্যারে উত্তরণের কারিগরি কার্যক্রম সম্পাদনের জন্য বর্তমান RJSC ই-সেবা সফটওয়্যার আগামী ০৯ নভেম্বর, ২০২৬ বিকাল ৫:০০টা থেকে ১২ নভেম্বর, ২০২৬ সকাল ১০:০০টা পর্যন্ত সাময়িকভাবে বন্ধ থাকবে।

২। সেবা সংক্রান্ত ওয়েব লিঙ্ক

নামের ছাড়পত্র ও নিবন্ধন সেবার আবেদন সরাসরি https://ebrs.rjsc.gov.bd এই লিঙ্কে অথবা এ পরিদপ্তরের ওয়েবসাইটের (www.roc.gov.bd) হোম পেজের নির্ধারিত লিঙ্কের মাধ্যমে বা প্রচলিত ই-সেবার (https://app.roc.gov.bd) 'Apply for Name Clearance' ও 'Apply for Registration' লিঙ্কের মাধ্যমে দাখিল করা যাবে।

৩। বিদ্যমান নামের ছাড়পত্র ও নিবন্ধন আবেদনের নিষ্পত্তি

৩.১) ০৯ নভেম্বর, ২০২৬ বিকাল ৫:০০টা পর্যন্ত প্রাপ্ত সকল নামের ছাড়পত্র, যার বিপরীতে এখনও নিবন্ধনের আবেদন দাখিল করা হয়নি, তা স্বয়ংক্রিয়ভাবে নতুন eBRS সিস্টেমে স্থানান্তর করা হবে। সংশ্লিষ্ট নামের ছাড়পত্রের মেয়াদ ও অন্যান্য প্রযোজ্য শর্ত বহাল থাকবে এবং নিবন্ধনের পরবর্তী সকল কার্যক্রম নতুন সফটওয়্যারে সম্পন্ন করতে হবে।

৩.২) এ পরিদপ্তরে ১ জুলাই,২০২৬ হতে ০৯ নভেম্বর, ২০২৬ বিকাল ৫:০০টা পর্যন্ত দাখিলকৃত সকল নিষ্পন্ন/অনিষ্পন্ন নিবন্ধন আবেদন নতুন eBRS সিস্টেমে স্থানান্তর করা হবে। স্থানান্তরিত আবেদনসমূহ নতুন সিস্টেমের ডাটা ফিল্ড, প্রয়োজনীয় দলিল ও বিধিমালার সঙ্গে সামঞ্জস্যপূর্ণ কি না, তা যাচাই করা হবে। তথ্যের ঘাটতি থাকলে আবেদনটি সংশোধন বা অতিরিক্ত তথ্য প্রদানের জন্য মন্তব্যসহ আবেদনকারীর অ্যাকাউন্টে ফেরত পাঠানো হবে।

৩.৩) যেসব নিবন্ধন আবেদনের খসড়া (Draft) প্রস্তুত করা হয়েছে এবং নির্ধারিত ফি পরিশোধ করা হয়েছে, কেবল সেই আবেদনসমূহ eBRS সিস্টেমে স্থানান্তর করা হবে। তবে যেসব আবেদনের খসড়া প্রস্তুত করা হয়েছে কিন্তু ফি পরিশোধ করা হয়নি, সেগুলো নতুন সফটওয়্যারে স্থানান্তর করা হবে না। এই ক্ষেত্রে সংশ্লিষ্ট নামের ছাড়পত্র ব্যবহার করে নতুন সফটওয়্যারে নতুনভাবে নিবন্ধনের আবেদন সম্পন্ন করতে হবে।

৪। পরিচয় যাচাই ও আবশ্যিক তথ্য প্রদান

৪.১) নতুন eBRS সিস্টেমে বাংলাদেশের নাগরিকদের ক্ষেত্রে কোনো প্রতিষ্ঠানের শেয়ারহোল্ডার, পরিচালক, সদস্য বা অংশীদার হতে হলে আবেদন প্রক্রিয়ার সময়ই জাতীয় পরিচয়পত্র (NID), ই-টিআইএন (e-TIN) এবং মোবাইল নম্বর রিয়েল-টাইম যাচাই করা হবে। এছাড়া আয়কর আইন, ২০২৩ এর ধারা ২৬৪ এর উপ-ধারা (৩) এর দফা (২), (৯) এবং (৩২) পরিপালনের নিমিত্তে সকল নিবাসী শেয়ারহোল্ডার, পরিচালক ও সদস্যদের আয়কর রিটার্ন দাখিলের প্রমাণক (PSR) আবশ্যিকভাবে স্ক্যান করে আপলোড করতে হবে।

৪.২) সংশ্লিষ্ট ব্যক্তির প্রদানকৃত মোবাইল নম্বরটি তাঁর নিজস্ব জাতীয় পরিচয়পত্র (NID) দ্বারা নিবন্ধিত কি না, তা যাচাই করা হবে। যাচাইকরণ সফল না হলে সংশ্লিষ্ট ব্যক্তিকে শেয়ারহোল্ডার, পরিচালক, সদস্য বা অংশীদার হিসেবে অন্তর্ভুক্ত করা যাবে না।

৪.৩) বিদেশী নাগরিকদের ক্ষেত্রে পরিচয় যাচাইয়ের সুবিধার্থে তাঁদের বৈধ পাসপোর্ট নম্বর এবং পাসপোর্টের সুস্পষ্ট স্ক্যানকৃত কপি দাখিল করতে হবে।

৫। শেয়ারহোল্ডার, পরিচালক, সদস্য ও অংশীদারগণের সম্মতি গ্রহণ (E-Consent)

নতুন সিস্টেমে শেয়ারহোল্ডার, পরিচালক, অংশীদার বা সদস্য হিসেবে অন্তর্ভুক্তির সম্মতির জন্য সংশ্লিষ্ট ব্যক্তিবর্গের নিবন্ধিত ই-মেইল ঠিকানায় একটি সম্মতিসংক্রান্ত লিঙ্ক ও নথি পাঠানো হবে। সংশ্লিষ্ট ব্যক্তি তাঁর মোবাইল বা ই-মেইলে প্রাপ্ত এককালীন পাসওয়ার্ড (OTP) ব্যবহার করে সম্মতি নিশ্চিত করবেন। উল্লেখ্য, সংশ্লিষ্ট সকল ব্যক্তির সম্মতি প্রদানের ধাপ সফলভাবে সম্পন্ন না হওয়া পর্যন্ত নিবন্ধন আবেদনটি পরবর্তী মূল্যায়নের জন্য সিস্টেমে অগ্রসর হবে না।

৬। প্রস্তাবিত ব্যবসায়িক নাম যাচাই ও নামের ছাড়পত্র

eBRS সিস্টেম চালুর প্রাথমিক পর্যায়ে প্রস্তাবিত নামের ছাড়পত্র আবেদনটি সিস্টেম কর্তৃক স্বয়ংক্রিয়ভাবে প্রাথমিক যাচাইয়ের পর সফটওয়্যারের কার্যকারিতা ও অ্যালগরিদম উন্নয়নের স্বার্থে সাময়িকভাবে 'Human Supervision' বা পরিদপ্তরের কর্মকর্তাদের পুনঃযাচাইয়ের ভিত্তিতে ২৪ (চব্বিশ) ঘণ্টার মধ্যে নিষ্পত্তি করা হবে। পরবর্তীতে সিস্টেমের অ্যালগরিদম পর্যায়ক্রমে উন্নত হলে সম্পূর্ণ স্বয়ংক্রিয় পদ্ধতিতে তাৎক্ষণিক 'নামের ছাড়পত্র'প্রদানের ব্যবস্থা চালু হবে। এ ক্ষেত্রে কোনো আবেদন বাতিল হলে বিধি মোতাবেক নামের রিভিউ আবেদন করা যাবে।

৭। কোম্পানি নিবন্ধনের আবেদন যাচাই ও অনুমোদন প্রক্রিয়া

৭.১) নির্ধারিত মডেল সংঘস্মারক ও সংঘবিধি (Model MoA & AoA): আবেদনকারী যদি পরিদপ্তর কর্তৃক নির্ধারিত 'মডেল সংঘস্মারক ও সংঘবিধি' ব্যবহার করে আবেদন দাখিল করেন এবং নির্ধারিত সকল তথ্য, ফি, পরিচয় যাচাই ও ওটিপি (OTP) সম্মতি নিশ্চিত করেন, তবে আবেদনটি সম্পূর্ণ স্বয়ংক্রিয় প্রক্রিয়ায় (Automated Process) তাৎক্ষণিকভাবে অনুমোদিত ও নিবন্ধিত হবে।

৭.২) কাস্টোমাইজড সংঘস্মারক ও সংঘবিধি (Customized MoA & AoA): আবেদনকারী নিজের প্রস্তুতকৃত সংঘস্মারক ও সংঘবিধি দাখিল করলে RJSC-এর সংশ্লিষ্ট কর্মকর্তা প্রচলিত আইন ও বিধিবিধান অনুযায়ী আবেদন ও সংযুক্ত নথিপত্র পুঙ্খানুপুঙ্খভাবে যাচাই করে অনুমোদন বা বাতিলের সিদ্ধান্ত গ্রহণ করবেন।

৭.৩) আবেদন যাচাইকালে কোনো তথ্যের অসংগতি, অসম্পূর্ণতা বা ত্রুটি পরিলক্ষিত হলে আবেদনটি সুনির্দিষ্ট মন্তব্য ও সংশোধনের নির্দেশনাসহ আবেদনকারীর অনলাইন অ্যাকাউন্টে ফেরত (Query) পাঠানো হবে। আবেদনকারীকে নির্ধারিত সময়সীমার মধ্যে প্রয়োজনীয় সংশোধন সম্পন্ন করে আবেদনটি পুনরায় দাখিল করতে হবে। ভুল বা অসত্য তথ্য প্রদানের কারণে আবেদন নিষ্পত্তিতে বিলম্ব বা আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হতে পারে।

৮। নিবন্ধন সনদ ও প্রত্যয়িত অনুলিপি (Certified Copies) প্রদান

নিবন্ধন আবেদন যথাযথভাবে অনুমোদিত ও নিবন্ধিত হওয়ার পর ডিজিটাল স্বাক্ষরযুক্ত মূল নিবন্ধন সনদ (Registration Certificate) সহ অন্যান্য সংশ্লিষ্ট ফরম আবেদনকারীসহ সংশ্লিষ্ট সকলের নিবন্ধিত ই-মেইল ঠিকানায় স্বয়ংক্রিয়ভাবে প্রেরণ করা হবে।

৯। সেবাগ্রহীতাদের জন্য বিশেষ করণীয়

৯.১) আবেদন দাখিলের পূর্বে eBRS পোর্টালে প্রদর্শিত ইউজার ম্যানুয়াল, নির্দেশনাবলী ও আবশ্যিক শর্তসমূহ ভালোভাবে পড়ে নিতে হবে।

৯.২) জাতীয় পরিচয়পত্র (NID) অনুযায়ী ব্যক্তির নাম, ই-টিআইএন (e-TIN) এবং মোবাইল নম্বরের তথ্য হুবহু মিল থাকতে হবে।

৯.৩) প্রযোজ্য ক্ষেত্রে আয়কর রিটার্ন দাখিলের প্রমাণক (PSR) আবশ্যিকভাবে স্ক্যান করে আপলোড করতে হবে।

৯.৪) পুরাতন সিস্টেম থেকে স্থানান্তরিত আবেদনসমূহ নতুন eBRS সিস্টেমে যাচাই করা হবে সেক্ষেত্রে প্রয়োজনীয় সংশোধন বা অতিরিক্ত তথ্য প্রদানের নির্দেশনা থাকলে তা নির্ধারিত সময়ের মধ্যে সম্পন্ন করতে হবে এবং এই পরিপত্রে বর্ণিত নির্দেশনা প্রযোজ্য হবে।

৯.৫) কারিগরি কোনো সমস্যা, আবেদন সংক্রান্ত জটিলতা বা ওটিপি (OTP) প্রাপ্তিতে বিলম্ব হলে নিম্নোক্ত what's up লিঙ্ক https://chat.whatsapp.com/EJBJitX3AhRIXWLQoF46mC?s=qt&p=a&iam=2 বা QR Code স্ক্যান করে 'RJSC eBRS Support Group' এ যুক্ত হয়ে সমস্যা জানানোর জন্য অনুরোধ করা হলো।

এই পরিপত্রে বর্ণিত নির্দেশনা প্রযোজ্য আইন, বিধি ও সরকারি আদেশের সঙ্গে সামঞ্জস্য রেখে কার্যকর হবে। এ বিষয়ে কোনো অস্পষ্টতা বা অসংগতি দেখা দিলে RJSC কর্তৃপক্ষের পরবর্তী নির্দেশনা অনুসরণ করতে হবে।



ড. আহমেদ উল্লাহ, এফসিএমএ
নিবন্ধক (অতিরিক্ত সচিব)
[অতিরিক্ত দায়িত্ব]
ফোন: ০২-৫৫০১৩৫২৩
ইমেইল: registrar@roc.gov.bd

বিতরণ: (সদয় অবগতি/প্রয়োজনীয় কার্যার্থে)(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১. নির্বাহী চেয়ারম্যান, ইনভেস্ট বাংলাদেশ অথোরিটি, আগারগাঁও, ঢাকা।
২. সচিব, বাণিজ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩. মহাপরিচালক, বাণিজ্য সংগঠন, বাণিজ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। (দুঃ আঃ উপ সচিব, টিও-১ শাখা।
৪. প্রশাসক, ফেডারেশন অব বাংলাদেশ চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি (এফবিসিসিআই), ৬০, মতিঝিল বাণিজ্যিক এলাকা, ঢাকা-১০০০।
৫. অতিরিক্ত নিবন্ধক, যৌথমূলধন কোম্পানি ও ফার্মসমূহের পরিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা।
৬. মন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, বাণিজ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মন্ত্রী মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৭. প্রেসিডেন্ট, দি ইনস্টিটিউট অব চার্টার্ড একাউন্ট্যান্টস অব বাংলাদেশ, ১০০ কাজী নজরুল ইসলাম এভিনিউ, ঢাকা।
৮. প্রেসিডেন্ট, দি ইনস্টিটিউট অব কস্ট এন্ড ম্যানেজমেন্ট অ্যাকাউন্ট্যান্টস্ অব বাংলাদেশ (আইসিএমএবি), আইসিএমএ ভবন, নীলক্ষেত, ঢাকা-১২০৫।
৯. প্রেসিডেন্ট, ইনস্টিটিউট অব চার্টার্ড সেক্রেটারিজ অব বাংলাদেশ, পদ্মা লাইফ টাওয়ার, (৭ম ও ৮ম ফ্লোর), ১১৫ কাজী নজরুল ইসলাম এভিনিউ, ঢাক্কা।
১০. ডেপুটি রেজিস্ট্রার (সকল), যৌথমূলধন কোম্পানি ও ফার্মসমূহের পরিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা।
১১. ডেপুটি রেজিস্ট্রার, যৌথমূলধন কোম্পানি ও ফার্মসমূহের পরিদপ্তর, বিভাগীয় কার্যালয়, চট্টগ্রাম, রাজশাহী এবং খুলনা।
১২. সহকারী রেজিস্ট্রার (সকল), যৌথমূলধন কোম্পানি ও ফার্মসমূহের পরিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা।
১৩. সহকারী রেজিস্ট্রার, আইসিটি শাখা, যৌথমূলধন কোম্পানি ও ফার্মসমূহের পরিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা [এ পরিদপ্তরের ওয়েব সাইটে প্রদর্শনের অনুরোধ'সহ]
১৪. সহকারী রেজিস্ট্রার, হিসাব শাখা, যৌথমূলধন কোম্পানি ও ফার্মসমূহের পরিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা [পত্রিকায় প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য]
১৫.এক্সামিনার অব একাউন্টস/ইন্সপেক্টর (সকল), যৌথমূলধন কোম্পানি ও ফার্মসমূহের পরিদপ্তর।
১৬. কম্পিউটার অপারেটর (সকল), যৌথমূলধন কোম্পানি ও ফার্মসমূহের পরিদপ্তর।
১৭. হিসাব রক্ষক ও উচ্চমান সহকারী (সকল), যৌথমূলধন কোম্পানি ও ফার্মসমূহের পরিদপ্তর।
১৮. অফিস সহকারী কাম কম্পিটার মুদ্রাক্ষিক এবং রেকর্ড কিপার (সকল), যৌথমূলধন কোম্পানি ও ফার্মসমূহের পরিদপ্তর।
১৯ অফিস কপি।